



বাউবি'র এইচ.এস.সি পরীক্ষা পরিচালনা সংক্রান্ত অনুসরণীয় বিষয়সমূহ:

১. এইচ.এস.সি পরীক্ষা-২০১৯ এ ১৩ ব্যাচ থেকে ১৮ ব্যাচ পর্যন্ত শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করতে পারবে।
 ২. De-Novo রেজিস্ট্রেশনকৃত ১২ ব্যাচের শিক্ষার্থীদের এইচ.এস.সি পরীক্ষা-২০১৯ এ অংশগ্রহণের ১ম সুযোগ এবং ১১ ব্যাচের শিক্ষার্থীদের সর্বশেষ সুযোগ।
 ৩. পরীক্ষার্থীদের নকলমুক্ত করে পরীক্ষার হলে প্রবেশ করাতে হবে।
 ৪. পরীক্ষা আরম্ভের ৩০ মিনিট পূর্বেই সকল পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে। পরীক্ষা আরম্ভের পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশের অনুমতি দেয়া যাবে না।
 ৫. কোনক্রমেই মোবাইল ফোন, ব্যাগ, বই, বইয়ের ফটোকপি ইত্যাদি সাথে নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।
 ৬. প্রতি কেন্দ্রে কমপক্ষে ০১ (এক) জন মহিলা কক্ষ পরিদর্শক রাখতে হবে।
 ৭. সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষককে পরীক্ষার দিন পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেয়া যাবে না। ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সমন্বয়কারী, ইনভিজিলেটর এবং পরীক্ষা সংশ্লিষ্ট কোনো ব্যক্তি সাথে স্মার্ট ফোন রাখতে পারবেন না।
 ৮. পরীক্ষা বিভাগ থেকে প্রেরিত হাজিরা সীট (উপস্থিতিপত্র) ব্যতীত স্থানীয়ভাবে উপস্থিতিপত্র তৈরি করে পরীক্ষা নেয়া যাবে না।
 ৯. পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের উত্তরপত্রের OMR সীটের প্রথম অংশ আলাদা করে নির্ধারিত করোগেটেড বক্সে (১০০টি করে প্রতি বক্সে) ভরে বক্সটি রুখ লাইমিং খামে গালাসীলকৃত অবস্থায় সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ আঞ্চলিক কেন্দ্রে বীমাকৃত ডাকযোগে প্রেরণ করতে হবে। প্রতিটি খামে উত্তরপত্রের ন্যায় Outer Label লাগাতে হবে। বিষয়ভিত্তিক উত্তরপত্রের OMR সীট এর জন্য আলাদা আলাদা বক্স ব্যবহার করতে হবে এবং বক্সের গায়ে বিষয় কোড ও বিষয়ের নাম উল্লেখ করতে হবে।
 ১০. পরীক্ষায় অংশ গ্রহণকারী শিক্ষার্থীদের বিষয় ভিত্তিক উত্তরপত্র গালাসীলকৃত অবস্থায় ঐ দিনেই সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে বীমাকৃত ডাকযোগে প্রেরণ করতে হবে। প্রতিটি প্যাকেটে Outer Label লাগাতে হবে। প্যাকেটের গায়ে বিষয়ের নাম, বিষয় কোড ও সময় (সকাল/বিকাল) উল্লেখ করতে হবে।
 ১১. কক্ষ পরিদর্শকগণ পরীক্ষার্থীদের উত্তরপত্রের কভার পৃষ্ঠায় ইংরেজিতে আইডি নম্বর, বিষয় কোড ও প্রোগ্রাম কোড (১১) ইত্যাদি সঠিকভাবে মিলিয়ে দেখে উত্তরপত্রে স্বাক্ষর করবেন।
 ১২. প্রথমে বহুনির্বাচনী পরীক্ষা গ্রহণ করে ১০ মিনিট বিরতির পর সৃজনশীল পরীক্ষা গ্রহণ করতে হবে।
 ১৩. কোনো পরীক্ষার্থীর অনুপস্থিতির ক্ষেত্রে হাজিরা সীটের নির্ধারিত ঘরে অবশ্যই লাল কালিতে 'A' লিখে দিতে হবে।
 ১৪. উপস্থিতিপত্রে পরীক্ষার্থীদের স্বাক্ষর মোতাবেক উত্তরপত্র মিলিয়ে টপসীট তৈরি করতে হবে। টপসীটের একটি কপি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের উত্তরপত্রের OMR সীটের প্রথম অংশের সাথে করোগেটেড বক্সে দিতে হবে। অনুপস্থিত ও বহিস্কৃত পরীক্ষার্থীদের রোল নম্বর টপসীটের নির্ধারিত স্থানে উল্লেখ থাকতে হবে। টপসীটে পরীক্ষার্থীদের ব্যাচ ও শিক্ষার্থী নম্বর ভুল থাকলে ফল প্রকাশ করা সম্ভব হয় না।
 ১৫. কোনো পরীক্ষার্থী বহিস্কার হলে হাজিরাসীটের নির্ধারিত ঘরে অবশ্যই লাল কালিতে 'বহিস্কার' (RP) লিখে দিতে হবে।
 ১৬. কোনো পরীক্ষার্থীর বহিস্কারের ক্ষেত্রে গোপনীয় রিপোর্ট ফরম সঠিকভাবে (যোগাযোগের পূর্ণ ঠিকানাসহ) পূরণ করে সংশ্লিষ্ট উত্তরপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে এবং আলাদা প্যাকেটে রেজি: ডাকযোগে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করতে হবে।
 ১৭. প্রতিটি বিষয়ের উত্তরপত্র অবশ্যই আলাদা আলাদা প্যাকেট করে প্রেরণ করতে হবে। সকাল ও বিকালের পরীক্ষার উত্তরপত্র কোনক্রমেই এক প্যাকেটে পাঠানো যাবে না। প্রতি ১০০টি উত্তরপত্রের জন্য একটি প্যাকেট করা যাবে। উত্তরপত্র প্যাকেট করার সময় উপর ও নীচে করোগেটেড বোর্ড ব্যবহার করতে হবে।
 ১৮. Outer Label সঠিকভাবে পূরণ করে উত্তরপত্রের প্যাকেটের উপরে আঠা দিয়ে লাগাতে হবে।
 ১৯. বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে যে, ডাক বিভাগ যেন টিকেট লাগিয়ে Outer Label-এর তথ্য ঢেকে না দেয়।
 ২০. এইচ.এস.সি পরীক্ষার উত্তরপত্রের প্যাকেটের বাম পার্শ্বের উপরে প্রোগ্রাম কোড ১১ লিখে দিতে হবে।
 ২১. পরীক্ষা শেষ হওয়ার অনূর্ধ্ব ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে সকল উপস্থিতিপত্র ও টপসীট পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বাহক মারফত সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্রে প্রেরণ নিশ্চিত করবেন।
 ২২. উপস্থিতিপত্র ও টপসীটের ফটোকপি অবশ্যই সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে সংরক্ষণ করতে হবে।
- বি: দ্র: উত্তরপত্রের OMR সীটের "শিক্ষার্থীর অংশ" পূরণ সংক্রান্ত নির্দেশনা নিম্নরূপ:
- i) প্রোগ্রাম কোড : এইচ.এস.সি প্রোগ্রাম কোড ১১ লিখে বৃত্তের মাধ্যমে তা ভরাট করতে হবে;
 - ii) আইডি নম্বর : ড্যাশ ব্যতীত ১১ ডিজিটের আইডি নম্বর লিখে বৃত্তের মাধ্যমে তা ভরাট করতে হবে;
 - iii) বিষয় কোড : প্রশ্নপত্রে উল্লিখিত ৪ ডিজিটের বিষয় কোড লিখে বৃত্তের মাধ্যমে তা ভরাট করতে হবে এবং
 - iv) কক্ষ পরিদর্শকের স্বাক্ষর : নির্ধারিত স্থানে কক্ষ পরিদর্শকের স্বাক্ষর ও তারিখ থাকতে হবে।

deon
22/2/19

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়